

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-২ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)



স্মারক নং-৪৫.০০.০০০০.১৩৮.৯০.০১৮.১৯/১১৭২

তারিখ :

০২ ডিসেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ  
১৭ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ

বিষয় : স্বাস্থ্য সেবা বিভাগের অধীন যানবাহন ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ সংস্থা (টেমো) এর জন্য আউট সোর্সিং নীতিমালা-২০১৮ অনুযায়ী সেবা ক্রয়ের লক্ষ্যে সম্মতি প্রদান।


সূত্র : যানবাহন ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ সংস্থা (টেমো) এর স্মারক নম্বর ১৩৪২, তারিখ : ২৯/১১/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য সেবা বিভাগের অধীন যানবাহন ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ সংস্থা (টেমো) ইউনিসেফের আর্থিক সহযোগিতায় ১৯৭৬ সালে প্রতিষ্ঠিত হয়। ১৯৮২ সালে এনাম কমিটি কর্তৃক ওয়ার্কসপের বিভিন্ন পদের ৭৫ জন জনবলের স্থায়ী সংরক্ষণ করা হয়। সুদীর্ঘ ৪৪ বছরে সেবা চাহিদা বহুগুণ বৃদ্ধি পেলেও জনবল বাড়েনি। এতে করে সরকারি হাসপাতাল ও স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহের ক্রমবর্ধমান বিপুল সেবা চাহিদার বিপরীতে টেমো'র বিদ্যমান জনবল ও সক্ষমতা দিয়ে কঙ্কিত মাত্রায় সেবা প্রদান বিঘ্নিত হচ্ছে। উল্লেখ্য, অবসর ও মৃত্যুজনিত কারণে ৩২টি পদ শূন্য থাকায় মেরামত সংক্রান্ত কাজে সমস্যার সৃষ্টি হচ্ছে। তাছাড়া আগামী জুন-২০২১ সাল পর্যন্ত পর্যায়ক্রমে আরও ৭/৮ জন পিআরএল-এ গমন করবেন। নিয়োগবিধি সংশোধন ও বাংলা ভাষায় রূপান্তরের কার্যক্রম প্রক্রিয়াধীন থাকায় টেমো'র শূন্য পদে জনবল নিয়োগ দেয়া সম্ভব হচ্ছে না। করোনা ভাইরাস (COVID-19)-এর প্রাদুর্ভাব জনিত কারণে উদ্ভূত পরিস্থিতিতে বিষয়টি আরো জটিল আকার ধারণ করেছে। নিয়োগ বিধি চূড়ান্ত করে জনবল নিয়োগ দিতে সময়ের প্রয়োজন। করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাব জনিত কারণে উদ্ভূত পরিস্থিতি মোকাবেলার স্বার্থে জরুরি ভিত্তিতে আউটসোর্সিং নীতিমালা-২০১৮ অনুযায়ী টেমো'র জন্য নিম্নবর্ণিত ৩৬(ছয়ত্রিশ)টি পদে সেবা ক্রয়ের লক্ষ্যে সম্মতি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্রমিক নং	পদের নাম	ক্যাটাগরি	পদ সংখ্যা
১	আইটি সেবা	বিশেষ সেবা-১	০১
২	ডাটা-এন্ট্রি সেবা	ক্যাটাগরি-১	০২
৩	ড্রাইভার	ক্যাটাগরি-১	০২
৪	এসি মেকানিক	ক্যাটাগরি-২	০২
৫	স্যানিটারী মিস্ত্রি (প্লাম্বার মিস্ত্রি)	ক্যাটাগরি-২	০১
৬	পাম্প অপারেটর	ক্যাটাগরি-২	০১
৭	সহকারী ইঞ্জিন মেকানিক	ক্যাটাগরি-৩	১২
৮	ইলেকট্রিশিয়ান	ক্যাটাগরি-৪	০২
৯	সিকিউরিটি গার্ড	ক্যাটাগরি-৫	০৬
১০	ইলেকট্রিক্যাল হেলপার	ক্যাটাগরি-৫	০২
১১	এসি মেকানিক হেলপার	ক্যাটাগরি-৫	০২
১২	পরিচ্ছন্নতা কর্মী	ক্যাটাগরি-৫	০৩
	মোট		৩৬

২। এমতাবস্থায়, প্রস্তাবিত পদসমূহে জিউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদনের জন্য অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করা প্রয়োজন। সে লক্ষ্যে অর্থ বিভাগের নির্ধারিত ছক অনুযায়ী তথ্যাদি এবং আনুষঙ্গিক কাগজপত্র এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে



মোঃ আবদুছ সালাম

উপসচিব

ফোনঃ ৯৫৪০৭২১

[admin2@hsd.gov.bd](mailto:admin2@hsd.gov.bd)

সিনিয়র সচিব

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব (ব্যয় ব্যবস্থাপনা)]

**অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

২। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৩। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫। ওয়ার্কসপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।